# প্রেস বিজ্ঞপ্তি

## জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ

## বিভিন্ন অপরাধে ৪৫টি প্রতিষ্ঠানকে ১.৯৯ লক্ষ টাকা জরিমানা

**২৮ নভেম্বর ২০১৬ খ্রি:**

বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ঢাকা বিভাগীয় কার্যালয়, অন্যান্য বিভাগ ও জেলা কার্যালয়ের ১৩ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, সিলেট, রাজশাহী, চট্টগ্রাম, বরগুনা, গোপালগঞ্জ, ঝিনাইদহ, নোয়াখালী, চাঁদপুর, সিরাজগঞ্জ ও ভোলায় আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের উপ-পরিচালক মোঃ আবদুল মজিদের নেতৃত্বে ঢাকা মহানগরীর শেরেবাংলা নগর এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে লোপা মেডিসিন কার্ণার এন্ড ভ্যারাইটিস স্টোরকে **১০,০০০/- (দশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক ফাহমিনা আক্তারের নেতৃত্বে ঢাকা মহানগরীর কলাবাগান এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরীর অপরাধে পাঁচফোড়ন রেস্তোরা এন্ড কাবাবকে **১৫,০০০/- (পনের হাজার)** টাকা, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে সেঞ্চুরী সুইটস এন্ড বেকারীকে **১০,০০০/- (দশ হাজার)** টাকা এবং ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে ট্রাস্ট ফার্মাকে **২০,০০০/- (বিশ হাজার)** টাকাসহ মোট **৪৫,০০০/- (পয়তাল্লিশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

সিলেট বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ কামাল উদ্দিনের নেতৃত্বে সিলেটের কোতয়ালী থানা এলাকায় **৩টি** প্রতিষ্ঠানকে **৯,০০০/- (নয় হাজার)** টাকা, রাজশাহী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক অপূর্ব অধিকারীর নেতৃত্বে রাজশাহীর তানোর উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **১৬,০০০/- (ষোল হাজার)** টাকা, চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক বিকাশ চন্দ্র দাসের নেতৃত্বে চট্টগ্রাম মহানগরের বায়েজিদ থানা এলাকায় **২টি** প্রতিষ্ঠানকে **২০,০০০/- (বিশ হাজার)** টাকা, চট্টগ্রাম জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ হাসানুজ্জামানের নেতৃত্বে চট্টগ্রামের চান্দগাঁও উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **২১,০০০/- (একুশ হাজার)** টাকা, বরগুনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আল-আমিনের নেতৃত্বে বরগুনা সদর উপজেলায় **৫টি** প্রতিষ্ঠানকে **৮,০০০/- (আট হাজার)** টাকা, গোপালগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শামীম হাসানের নেতৃত্বে গোপালগঞ্জের টুঙ্গীপাড়া এলাকায় **১টি** প্রতিষ্ঠানকে **৬,০০০/- (ছয় হাজার)** টাকা, ঝিনাইদহ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সুচন্দন মন্ডলের নেতৃত্বে ঝিনাইদহের শৈলকূপা উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **১৬,৫০০/- (ষোল হাজার পাঁচশত)** টাকা, নোয়াখালী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মুহাম্মদ রায়হান কুদ্দুসের নেতৃত্বে নোয়াখালী সদর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **২০,০০০/- (বিশ হাজার)** টাকা, চাঁদপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক দেবাশীষ রায়ের নেতৃত্বে চাঁদপুরের মতলব উত্তর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা, সিরাজগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক এ এস এম মাসুম-উদ দৌলার নেতৃত্বে সিরাজগঞ্জের শাহজাদপুর উপজেলায় **৭টি** প্রতিষ্ঠানকে **৭,০০০/- (সাত হাজার)** টাকা এবং ভোলা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক নাজমুল হাসানের নেতৃত্বে ভোলার বোরহানউদ্দিন এলাকায় **৩টি** প্রতিষ্ঠানকে **৪,০০০/- (চার হাজার)** টাকাসহ মোট **১,৩২,৫০০/- (এক লক্ষ বত্রিশ হাজার পাঁচশত)** টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্রে কারচুপি, পণ্যের মূল্যে তালিকা প্রদর্শন না করা, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, ওজনে কারচুপি, ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়, অবহেলা ইত্যাদি দ্বারা সেবা গ্রহীতার অর্থ, স্বাস্থ্য, জীবনহানি ইত্যাদি ঘটানো, মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

এছাড়া প্রধান কার্যালয়ের উপ-পরিচালক শাহীন আরা মমতাজ কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে রেড টমেটো ও গোল্ডেন ফুডকে যথাক্রমে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা ও **২,০০০/- (দুই হাজার)** টাকাসহ মোট **৭,০০০/- (সাত হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ২ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **১,৭৫০/- (এক হাজার সাতশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক ইফতেখারুল আলম রিজভী কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে LONDONAS কে **৩,০০০/- (তিন হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৭৫০/- (সাতশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়।

নারায়ণগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক তাহমিনা বেগম কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে ফুড গার্ডেন বাংলাকে **২,০০০/- (দুই হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৫০০/- (পাঁচশত)** টাকা প্রদান করা হয়।

আজকের **১৩টি** বাজার তদারকি ও **৩টি** অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে **৪৫টি** প্রতিষ্ঠানকে মোট **১,৯৯,৫০০/- (এক লক্ষ নিরানব্বই হাজার পাঁচশত)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানা হতে **৩ জন** অভিযোগকারীকে মং **৩,০০০/- (তিন হাজার)** টাকা প্রদান করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, বাজার কর্মকর্তা, স্যানেটারী ইন্সপেক্টর, বাজার পরিদর্শক, বিসিক এর প্রতিনিধি এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-
(আফরোজা রহমান)
সহকারী পরিচালক (কার্যক্রম)

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মহাপরিচালক, র‌্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল ও সিলেট মহানগর।
৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
৬। জেলা প্রশাসক, ঢাকা, সিলেট, রাজশাহী, চট্টগ্রাম, বরগুনা, গোপালগঞ্জ, ঝিনাইদহ, নোয়াখালী, চাঁদপুর, সিরাজগঞ্জ ও ভোলা।
৭। পুলিশ সুপার, ঢাকা, সিলেট, রাজশাহী, চট্টগ্রাম, বরগুনা, গোপালগঞ্জ, ঝিনাইদহ, নোয়াখালী, চাঁদপুর, সিরাজগঞ্জ ও ভোলা।
৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১০। অধিনায়ক ৫, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।